চুয়াডাঙ্গায় স্কুল পর্যায়ে বাল্যবিবাহ বিরোধী সমাবেশ ও শপথ পাঠ অনুষ্ঠিত

বাল্যবিবাহ প্রতিরোধে জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর চুয়াডাঙ্গার আয়োজনে “আগে শিক্ষা পরে বিয়ে, আঠারো একুশ পার হয়ে” প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে স্কুল পর্যায়ে বাল্যবিবাহ বিরোধী সমাবেশ ও শপথ পাঠ অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড.কিসিঞ্জার চাকমা।

আলোচকবৃন্দ বাল্যবিবাহের ফলে মেয়েদের শিক্ষাজীবন, স্বাস্থ্যের উপর ক্ষতিকর প্রভাব ও মৃত্যু ঝুঁকি সম্পর্কে কোমলমতি শিক্ষার্থীদের সচেতন করেন। অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে বাল্যবিবাহ প্রতিরোধে এগিয়ে আসার উদাত্ত আহবান জানান। কোথাও বাল্য বিবাহ সংঘটিত হলে জাতীয় জরুরি সেবা-৯৯৯ অথবা ১০৯ এ কল করে জানানোর নির্দেশনা প্রদান করা হয়।

উক্ত আয়োজনে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা, চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেবেকা সুলতানা, চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিল আরা চৌধুরী সহ চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।